**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
**জনপ্রশাসন মন্ত্রণালয়**
১ম ১২ তলা সরকারি অফিস ভবন (১১তলা)
সেগুনবাগিচা, ঢাকা।
www.bkkb.gov.bd

নম্বর:-০৫.৮১.০০০০.০১৪.৩১.০০১.২৪-০১ তারিখ: ০১/০১/২০২৪

# বিজ্ঞপ্তি

**বিষয়:** (১) **সরকারের অসামরিক খাতের ১৩ হতে ২০ গ্রেডে (মূল পদ গ্রেড) কর্মরত সরকারি কর্মচারী এবং বোর্ডের তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত ১৩ হতে ২০ গ্রেড (মূল পদ গ্রেড) কর্মচারীর সন্তানদের 'শিক্ষাবৃত্তি'**

**(২) সরকারি ও বোর্ডের তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থার সকল গ্রেডের অক্ষম, অবসরপ্রাপ্ত ও মৃত কর্মচারীর সন্তানদের 'শিক্ষাবৃত্তি'র দরখাস্ত আহবান।**

**২০২৩-২০২৪ অর্থবছরের জন্য (১)** সরকারের অসামরিক খাতের ১৩ হতে ২০ গ্রেডে (মূল পদ গ্রেড) কর্মরত কর্মচারীর (ডাক, তার ও দূরালাপনী, বাংলাদেশ রেলওয়ে, বিজিবি ও বাংলাদেশ পুলিশ বিভাগে নিযুক্ত কর্মচারীগণ ব্যতীত) ও বোর্ডের তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত ১৩ হতে ২০ গ্রেড (মূল পদ গ্রেড) কর্মচারীর সন্তানদের **'শিক্ষাবৃত্তি'** (২) সরকারি ও বোর্ডের তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থার সকল গ্রেডের অক্ষম, অবসরপ্রাপ্ত ও মৃত কর্মচারীর সন্তানদের **'শিক্ষাবৃত্তি'র** জন্য অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে। আবেদনকারীকে দরখাস্ত দাখিলের শর্ত ও নিয়মাবলী অনুসরণ করে **URL: eservice.bkkb.gov.bd** এর মাধ্যমে যথাযথভাবে অনলাইনে আবেদন করতে হবে। দরখাস্ত/আবেদন করার শর্ত ও নিয়মাবলী বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ওয়েবসাইটে (**www.bkkb.gov.bd**) পাওয়া যাবে।

০২। ০১ জানুয়ারি ২০২৪ তারিখ সকাল ৯.০০টা থেকে ২৯ ফেব্রুয়ারি ২০২৪ বিকাল ৪.০০ টার মধ্যে **দাখিল**কৃত আবেদনসমূহ বিবেচনার জন্য গৃহীত হবে।

০১-০১-২৪

(এ. কে. এম. আবদুল্লাহ খান)
অতিরিক্ত মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
ফোন: ০২-২২৬৬৬৫০৩৬
ই-মেইল: adg@bkkb.gov.bd.

# শর্ত ও দরখাস্ত করার নিয়মাবলী

## (শুধুমাত্র অনলাইনে আবেদন করা যাবে, আবেদনের কোন হার্ডকপি গ্রহণ করা হবে না।):

১. ১৩-২০ গ্রেডে (মূল পদ গ্রেড) কর্মরত সরকারি ও বোর্ডের তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থার কর্মচারীর সন্তানদের ৬ষ্ঠ শ্রেণি থেকে সর্বোচ্চ পর্যায়ে অধ্যয়নরত অনধিক ২ (দুই) সন্তানের জন্য '**শিক্ষাবৃত্তি**' এবং সরকারি ও বোর্ডের তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থার সকল গ্রেডের অক্ষম, অবসরপ্রাপ্ত ও মৃত কর্মচারীর ৯ম শ্রেণি থেকে সর্বোচ্চ পর্যায়ে অধ্যয়নরত অনধিক ২ (দুই) সন্তানের জন্য '**শিক্ষাবৃত্তি'র** আবেদন করতে পারবেন;

২. **ঢাকা মহানগরীতে কর্মরত কর্মচারীদের ক্ষেত্রে ঢাকা মহানগর ও বিভাগের কর্মচারীদের ক্ষেত্রে নিজ নিজ বিভাগীয় কার্যালয়ে অনলাইনে আবেদন করতে হবে;**

৩. বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ওয়েব সাইট **www.bkkb.gov.bd** এর **"শিক্ষাবৃত্তির অনলাইন আবেদন"** লিংকটিতে ক্লিক করে অথবা ব্রাউজারের এড্রেস বারে **eservice.bkkb.gov. bd** টাইপ করে Enter চাপুন;

৪. হোম পেজ থেকে **"রেজিস্ট্রেশন"** বাটনে ক্লিক করলে একটি পাতা আসবে। ১৩-২০ গ্রেডে (মূল পদ গ্রেড) কর্মরত সরকারি কর্মচারীর সন্তানদের শিক্ষাবৃত্তির আবেদন করার জন্য কর্মচারীর ধরণ **"কর্মরত"** এবং কর্মচারীর কর্মক্ষেত্রের ধরণ পছন্দ করতে হবে। উল্লেখ্য কর্মচারীর ধরন **"কর্মরত"** এবং কর্মচারীর কর্মক্ষেত্রের ধরন **"রাজস্বখাতভুক্ত"** বাছাই করলে পে-ফিক্সেশন নম্বর ও জাতীয় পরিচয় পত্রের নম্বর দিতে হবে;

৫. সরকারি ও তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থার সকল গ্রেডের অক্ষম/ অবসরপ্রাপ্ত/ মৃত কর্মচারীর সন্তানদের শিক্ষাবৃত্তির জন্য আবেদন করতে **"অক্ষম/ মৃত/ অবসরপ্রাপ্ত"** পছন্দ করতে হবে। উল্লেখ্য কর্মচারীর ধরন **"অক্ষম/ মৃত/ অবসরপ্রাপ্ত"** বাছাই করলে কোন পে-ফিক্সেশন নম্বর লাগবে না, শুধু জাতীয় পরিচয়পত্র নম্বর দিতে হবে;

৬. ১৩-২০ গ্রেডে (মূল পদ গ্রেড) কর্মরত সরকারি কর্মচারীগণকে অর্থ বিভাগের **পে-ফিক্সেশন এর ভেরিফিকেশন নম্বর ও** বোর্ডের তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থার কর্মচারীগণ **জাতীয় পরিচয়পত্র নম্বর (১০ অথবা ১৭ ডিজিটের), মোবাইল নম্বরসহ** অন্যান্য তথ্যাদি দিয়ে **"রেজিস্ট্রেশন করুন"** বাটনে ক্লিক করার পর আপনার মোবাইল নম্বরে **৬ ডিজিটের একটি ভেরিফিকেশন কোড** যাবে। এই কোড নম্বরটি দিয়ে **"Submit"** বাটনে ক্লিক করলে **"অভিনন্দন, আপনার নিবন্ধন সফলভাবে সম্পূর্ন হয়েছে"** এই ম্যাসেজ টি দেখাবে। কোড প্রদানের সময়সীমা ১৫ মিনিট। অনলাইনে আবেদন করার জন্য বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডে একবারই রেজিস্ট্রেশন করতে হবে;

৭. সফটওয়্যারে লগইন করার জন্য হোম পেজ থেকে **"লগইন"** বাটনে ক্লিক করে **মোবাইল নম্বর এবং পাসওয়ার্ড** দিয়ে লগইন করতে হবে;

৮. শিক্ষাবৃত্তির আবেদন করার জন্য **"শিক্ষাবৃত্তির আবেদন করতে এইখানে ক্লিক করুন"** এই লিংকটিতে ক্লিক করে **নির্দেশাবলী** অনুযায়ী পরবর্তী ধাপে আবেদন ফরম পূরণ করতে হবে;

৯. আবেদন ফরমের প্রতিটি কলাম যথাযথভাবে পূরণ করে **কর্মচারীর ছবি ও স্বাক্ষর স্ক্যান করে আপলোড করতে হবে।**

১০ ফরম যথাযথভাবে পূরণ করে **"সংরক্ষণ করুন"** বাটনে ক্লিক করে আবেদন প্রিন্ট করুন, সংশোধন করুন, ডাউনলোড করুন ৩টি বাটন পাবেন;

১১. আবেদন ফরম প্রিন্ট করার পর শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সীল, অফিস কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল এবং স্মারক নং ও তারিখ দিয়ে পূর্ণাঙ্গ পূরণকৃত ফরমের স্ক্যান কপি ও ছাত্র/ ছাত্রী **বিগত বছরের /বোর্ড/ সেমিস্টার/টার্ম ফাইনাল যে পরীক্ষায় পাস করেছে তার মূল মার্কশীট এর ফটোকপি ১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক/শিক্ষা প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত শিক্ষক কর্তৃক সত্যায়িত করে স্ক্যান কপি** এবং কর্মচারী অবসরপ্রাপ্ত হলে অবসর গ্রহনের আদেশের অথবা মৃত হলে মৃত্যুসনদের সত্যায়িত স্ক্যান কপি **"চূড়ান্তভাবে দাখিল "** বাটনে ক্লিক করে দাখিল করতে হবে। আবেদনটি সফলভাবে দাখিল হলে আবেদনকারী তাঁর মোবাইল ফোনে **আবেদন গ্রহণের ডায়েরি নম্বর ও তারিখ সম্বলিত একটি ক্ষুদেবার্তা** পাবেন এবং পরবর্তীতে অনলাইনে লগইন করে তার আবেদনের অবস্থা সম্পর্কে জানতে পারবেন;

১২ স্বামী/স্ত্রী উভয়ই সরকারি চাকরিতে কর্মরত হলে কেবল একজনই সন্তানদের '**শিক্ষাবৃত্তি**' লাভের জন্য আবেদন করতে পারবেন;

১৩ চাকরিরত, অনিয়মিত এবং বিবাহিত এরূপ ছাত্র/ ছাত্রীগণ এ '**শিক্ষাবৃত্তি**' লাভের যোগ্য নন;

১৪. ১৩-২০ গ্রেডে কর্মরত সরকারি কর্মচারীর সন্তানদের '**শিক্ষাবৃত্তি**' পাওয়ার জন্য বিদ্যালয়, মহাবিদ্যালয় ও বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্র/ ছাত্রীকে পূর্ববর্তী বছরের/বোর্ড/ সেমিস্টার/ টার্ম ফাইনাল পরীক্ষায় প্রত্যেক বিষয়ে উত্তীর্ণ হয়ে নিম্নবর্ণিত জিপিএ/ সিজিপিএ অর্জন করতে হবে:

| **শ্রেণি** | **'শিক্ষাবৃত্তি' পাওয়ার যোগ্যতা** |
|---|---|
| মাধ্যমিক (৬ষ্ঠ-১০ম শ্রেণি) | জিপিএ ৩ অথবা গড়ে ৫০% নম্বর |
| উচ্চ মাধ্যমিক (একাদশ- দ্বাদশ) | ঐ |
| উচ্চশিক্ষা (স্নাতক- স্নাতকোত্তর) | নূন্যতম সিজিপিএ ২.৫ (৪.০০) |

১৫. **সরকারি ও তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থার অক্ষম/ অবসরপ্রাপ্ত/ মৃত কর্মচারীর** সন্তানদের '**শিক্ষাবৃত্তি**' পাওয়ার জন্য বিদ্যালয়, মহাবিদ্যালয় ও বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্র/ছাত্রীকে পূর্ববর্তী বছরের/বোর্ড/সেমিস্টার/ টার্ম ফাইনাল পরীক্ষায় প্রত্যেক বিষয়ে উত্তীর্ণ হয়ে নিম্নবর্ণিত জিপিএ / সিজিপিএ অর্জন করতে হবে:

| **শ্রেণি** | **'শিক্ষাবৃত্তি' পাওয়ার যোগ্যতা** |
|---|---|
| মাধ্যমিক (নবম - দশম শ্রেণি) | জিপিএ ৩ অথবা গড়ে ৫০% নম্বর |
| উচ্চ মাধ্যমিক (একাদশ- দ্বাদশ) | ঐ |
| উচ্চশিক্ষা (স্নাতক - স্নাতকোত্তর) | নূন্যতম সিজিপিএ ২.৫ (৪.০০) |

০১.০১.২৪


(এ. কে. এম. আবদুল্লাহ খান)
অতিরিক্ত মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
ফোন: ০২-২২৬৬৬৫০৩৬
ই-মেইল: adg@bkkb.gov.bd.